

২০২২

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

তৃতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-3

(জীবনী, আত্মজীবনী ও ভ্রমণকাহিনী)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $2 \times 10 = 20$

- ক) জীবনী সাহিত্যের সংজ্ঞা লেখো।
- খ) 'আত্মকথা' ও 'আত্মপরিচয়' গ্রন্থ দুটির লেখক কে?
- গ) বাংলা ভাষায় লিখিত প্রথম জীবনী সাহিত্যের নাম কী?
গ্রন্থটির লেখক কে?
- ঘ) জীবনী সাহিত্যের দুটি বৈশিষ্ট্য লেখো।
- ঙ) 'দেশে বিদেশে' গ্রন্থটি কার লেখা? তাঁর লেখা অপর একটি
ভ্রমণ সাহিত্যের নাম লেখো।
- চ) "... পালামৌ শহর নহে, একটা প্রকাণ্ড পরগণা মাত্র।"
—বক্তা কে? কোন্ প্রসঙ্গে তিনি একথা বলেছেন?

(পরের পাতায়)

- ছ) কোল কুমারীরা বিবাহ-যোগ্য হলে কোথায় থাকে? কেন থাকে?
- জ) “বাঘটি আমি স্বহস্তে মারিব।” — কে কেন একথা বলেছিল?
- ঝ) “... সাধুভাষা গোলায় যাক।” — বক্তা কে? তিনি একথা কেন বলেছিলেন?
- ঞ) “চারিটা বাজিলে আমি অস্থির হইতাম...” — কে কেন অস্থির হতেন?
- ট) “জীবনস্মৃতি” গ্রন্থটি কি জাতীয় রচনা? এই গ্রন্থে মোট কটি প্রবন্ধ আছে?
- ঠ) “গান বাঁধিবার শিক্ষানবিসি এইরূপে আমার আরম্ভ হইয়াছিল।” — কিভাবে গান বাঁধবার শিক্ষা শুরু হয়েছিল?
- ড) “আমার মনে ভারি একটা নাড়া দিত।” — কার মনে কি নাড়া দিত?
- ঢ) “তাহার আভাস পাইতাম কিন্তু নাগাল পাইতাম না।” — বক্তা কিসের আভাস পেতেন? নাগাল না পাওয়ারই বা কারণ কী ছিল?
- ণ) “আমার জীবনে এইটাই আদি কবির প্রথম কবিতা।” — ‘জীবনস্মৃতি’ গ্রন্থের কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? আদি কবির প্রথম কবিতাটি কী ছিল?

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০
- ক) জীবনী সাহিত্য ও আত্মজীবনীর পার্থক্য লেখো। লেখকের নাম সহ দুটি করে জীবনী সাহিত্য ও আত্মজীবনীমূলক গ্রন্থের নাম লেখো।
- খ) “বিশ্ব প্রকৃতিকে আড়াল আরডাল হইতে দেখিতাম।” — বক্তা কী কারণে বিশ্ব প্রকৃতিকে আড়াল আবডাল থেকে দেখতেন? সেই সময় বিশ্ব প্রকৃতি সম্পর্কে তাঁর মনে কীরূপ ধারণা তৈরি হয়েছিল?
- গ) “তাহার পর নর্মাল স্কুলে ভর্তি হইলাম।” — ‘নর্মাল স্কুল’ প্রবন্ধ অনুসরণে রবীন্দ্রনাথের শিক্ষা ভাবনার পরিচয় দাও।
- ঘ) “... স্ত্রী লোকেরা শ্রমহেতু স্থিরযৌবনা।” — কোন্ সম্প্রদায়ের স্ত্রীলোকের কথা বলা হয়েছে? তাদের ‘স্থিরযৌবনা’ থাকার কারণ লিপিবদ্ধ করো।
- ঙ) “...তাহাদের বিবাহ প্রথা অতি পুরাতন।” — কাদের বিবাহ প্রথার কথা বলা হয়েছে? তাদের বিবাহ প্রথার বিভিন্ন দিকগুলি আলোচনা করো।
- চ) “বন্যেরা বনে সুন্দর; শিশুরা মাতৃকোড়ে” — উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ক) ভ্রমণকাহিনী এবং ভ্রমণমূলক সাহিত্যের তুলনা করে ভ্রমণমূলক সাহিত্যের বিশেষত্বগুলো চিহ্নিত করো।
 - খ) হিমালয়ের বিচিত্র অভিজ্ঞতার কথা 'হিমালয় যাত্রা' গ্রন্থে রবীন্দ্রনাথ যেভাবে লিপিবদ্ধ করেছেন তার স্বরূপ নির্ণয় করো।
 - গ) 'পালামো' গ্রন্থে যাত্রাপথের বিবিধ বর্ণনা লেখক যেভাবে দিয়েছেন তা আলোচনা করো।
 - ঘ) 'পালামো' ভ্রমণ বৃত্তান্তের লাতেহার পাহাড়ের গুরুত্ব আলোচনা করো।
-